

# দাবি আদায় না হওয়া পর্যন্ত চলবে শিক্ষক আন্দোলন

## সর্বজনীন পেনশনের 'প্রত্যয়' স্কিম

ঢাবি, জবি ও জাবি প্রতিনিধি

১৫ জুলাই ২০২৪, ১২:০০ এএম



ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনের মূল ফটকে গতকাল শিক্ষকদের অবস্থান -আমাদের সময়

সর্বজনীন পেনশনের 'প্রত্যয়' স্কিম বাতিলের দাবিতে ক্লাস-পরীক্ষা বন্ধ রেখে চলছে পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের আন্দোলন। গত শনিবার এ ইস্যুতে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের সঙ্গে বৈঠকে বসেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের নেতারা। এরপর শিক্ষক নেতারা নিজেরা সভা ডেকে এ নিয়ে আলোচনা করেন। এরপর সিদ্ধান্ত হয়, দাবি আদায় না হওয়া পর্যন্ত তারা সর্বাঙ্গিক কর্মবিরতি ও আন্দোলন চালিয়ে যাবেন। গতকাল শিক্ষক নেতৃবৃন্দ এ তথ্য জানান।

এদিকে প্রতিদিনের মতো গতকাল দুপুরেও ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) কলা ভবনের মূল ফটকে অবস্থান নিয়ে নিজেদের বক্তব্য তুলে ধরেন আন্দোলনরত শিক্ষকরা। তবে অন্যদিনের তুলনায় তাদের উপস্থিতি ছিল কম। অন্যদিকে

বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারীরাও এ পেনশন কর্মসূচি প্রত্যাহারের দাবিতে এ দিন মিছিল করেছেন।

সরকারের সঙ্গে বৈঠকের বিষয়ে ফেডারেশনের সভাপতি এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আখতারুল ইসলাম গণমাধ্যমকে বলেন, আজকের (রবিবার) সভায় শনিবারের বৈঠকের বিষয়টি জানানো হয়েছে এবং এ নিয়ে বিস্তারিত অবহিত করা হয়েছে। যেহেতু আমাদের দাবি পূরণ হয়নি, তাই আমাদের আন্দোলন চলছে এবং চলবে। তবে শনিবারের বৈঠকে আমাদের লিখিত বক্তব্য গ্রহণ করা হয়েছে এবং বলা হয়েছে, প্রধানমন্ত্রীর কাছে উপস্থাপন করা হবে। তাই আশা করছি আমাদের দাবি পূরণ হবে।

একই দাবিতে টানা দুই সপ্তাহ ধরে কর্মবিরতি পালন করছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) শিক্ষকরা। গতকাল রবিবারও বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার চত্বরে তারা অবস্থান কর্মসূচি পালন করেন। এ সময় শিক্ষকরা বলেন, সরকারের মুখপাত্রের সঙ্গে আলোচনার মাধ্যমে সমস্যা সমাধানের দ্বার উন্মোচিত হয়েছে, কিন্তু সমাধান হয়নি। দাবি আদায় না হওয়া পর্যন্ত আমরা আন্দোলন থেকে পিছপা হব না।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সিদ্ধান্ত অনুযায়ী জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) শিক্ষকরাও সর্বাত্মক কর্মবিরতির আন্দোলন চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। গতকাল জাবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক মোতাহার হোসেন বলেন, আমাদের কর্মসূচির এখনো কোনো পরিবর্তন করা হয়নি। দাবি আদায় না হওয়া পর্যন্ত কর্মসূচি চলমান থাকবে।

প্রসঙ্গত, সর্বজনীন পেনশনের 'প্রত্যয়' কর্মসূচি নিয়ে প্রজ্ঞাপন বাতিল করাসহ তিন দফা দাবিতে গত ১ জুলাই থেকে পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীরা একযোগে সর্বাত্মক কর্মবিরতি পালন করছেন। এ কারণে ক্লাস-পরীক্ষা হচ্ছে না। প্রশাসনিক ভবনেও কোনো কাজ হচ্ছে না। ফলে ভোগান্তি পোহাতে হচ্ছে।